

নবম শ্রেণী (HOT Questions)

দাম - নারায়ণ গঙ্গোপাধ্যায়

১. "এ অপরাধ আমি বইব কী করে, এ লজ্জা আমি কোথায় রাখবো!"..... বক্তা কে ? কোন কৃতকর্মকে তিনি অপরাধ রূপে চিহ্নিত করেছেন ? সেই অপরাধবোধ থেকে কীভাবে বক্তার আত্মশুদ্ধি ঘটেছিল বলে তোমার মনে হয়? (১+২+২)

২. 'সে স্বর্গের চাইতে লক্ষ যোজন দূরে থাকাই আমরা নিরাপদ বোধ করতুম' — বক্তা কে? কেন সে স্বর্গ থেকে দূরে থাকতে চাইত ? পুরান অনুযায়ী স্বর্গে কারা বসবাস করেন? (১+৩+১)

৩. 'মাস্টারমশাইয়ের কাছ থেকে এইটুকু আমার নগদ লাভ'..... উদ্ধৃত অংশটির প্রসঙ্গ উল্লেখ করো ।
নগদ কথার অর্থ কি? শব্দটি এখানে লেখক কেন প্রয়োগ করেছেন বলে তোমার মনে হয় ?

৪. তখনকার দিনের মাস্টারমশাইদের সাথে শিক্ষার্থীদের যে সম্পর্ক এই গল্পে চিত্রিত হয়েছে তার সাথে এখনকার সম্পর্কে কেমন ফারাক তুমি পাও ?

তোমার মতে ছাত্র শিক্ষক সম্পর্ক ঠিক কেমন হওয়া উচিত? (৩+২)

৫. উপযুক্ত জ্ঞান না থাকা সত্ত্বেও জ্ঞানী ভাব দেখানোর ফলে বিপদ আসতে পারে —

'দাম' গল্পে কে কখন এমন বিপদে পড়েছিলেন ?

সুকুমার বাবু অবসরপ্রাপ্ত বৃদ্ধ মাস্টার মশাইয়ের কাছ থেকে শেষ বয়সে কোন শিক্ষা লাভ করেছিলেন ?

(২+৩)